

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-1

(নাটকের রূপভেদ, বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রণয়ন নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০
- ক) জোড়াসাঁকো থিয়েটারে অভিনীত দুটি নাটকের নাম লেখো।
- খ) লেবেদেফ প্রতিষ্ঠিত থিয়েটারের নাম কী? এখানে প্রথম কোন্ নাটক অভিনীত হয়?
- গ) নবীন বসুর থিয়েটার কবে, কোথায় প্রতিষ্ঠিত হয়?
- ঘ) কার, কোন্ নাটকের মধ্য দিয়ে বেলগাছিয়া নাট্যশালার সূচনা হয়?
- ঙ) প্রকাশকাল সহ গিরিশচন্দ্র ঘোষ রচিত দুটি সামাজিক নাটকের নাম লেখো।
- চ) দ্বিজেন্দ্রলাল রায়ের বেশিরভাগ ঐতিহাসিক নাটকের বিষয় কী ছিল?
- ছ) পৌরাণিক নাটকের প্রধান রস কোন্টি? যে-কোনো একটি নাটকের এই রসের প্রয়োগ ঘটেছে তা উল্লেখ করো।
- জ) 'কমেডি' শব্দটির উৎস ও উৎসগত অর্থ লেখো।

[পর পৃষ্ঠায়]

- ঝ) 'রথের রশি' কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?
- ঞ) 'দেশের লোকের প্রথম যাত্রার দিন আজ'— এই দিনে কে কে বেরোবেন?
- ট) 'যারা এতদিন মরে ছিল তারা উঠুক বেঁচে।'— কোথায় এর সাক্ষাৎ পাই? এ মন্তব্য কার?
- ঠ) 'নীল দর্পণ' নাটকের ইংরেজি অনুবাদকের নাম কী? এই অনুবাদ কে প্রকাশ করেন?
- ড) 'সেই সাগর নাড়ের বিয়ে দেয়'— বক্তা কে? 'সাগর' বলতে কার কথা বলা হয়েছে?
- ঢ) 'নীলের দাদন খোপার ভালা'— কথার অর্থ কী?
- ণ) 'নীলদর্পণ' নাটকে দুজন নীলকর চরিত্রের নাম করো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) প্রহসন কাকে বলে? প্রহসনের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।
 $২ + ৩ = ৫$
- খ) ট্রাজেডি ও কমেডি'র পার্থক্যগুলি উল্লেখ করো। ৫
- গ) বাংলা নাট্যশালার ইতিহাসে বেলগাছিয়া নাট্যশালার গুরুত্ব সংক্ষেপে ব্যাখ্যা কর।
- ঘ) 'নীলদর্পণ' নাটকে পদীময়রাণী চরিত্রের উপযোগিতা বিচার করো।
- ঙ) 'নীলদর্পণ' উদ্দেশ্যমূলক নাটক কিনা যুক্তিসহ লেখো।
- চ) 'রথের রশি' নাটকে কবি চরিত্রের ভূমিকা স্পষ্ট করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) পৌরাণিক নাটক কাকে বলে? এই শ্রেণির নাটকের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ ব্যাখ্যা কর। $২ + ৮ = ১০$
- খ) ন্যাশনাল থিয়েটার বাংলা নাট্যশালার ইতিহাসে কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে দেখাও।
- গ) সংলাপ সৃষ্টিতে দীনবন্ধু কৃতিত্বের দাবি রাখেন—'নীলদর্পণ' নাটক অবলম্বনে ব্যাখ্যা করো।
- ঘ) রূপক সাংকেতিক নাটক হিসাবে 'রথের রশি' নাটকের সার্থকতা বিচার করো।